

বিশেষ বিজ্ঞপ্তি

রাজ্যের বিভিন্ন স্থানে এটা লক্ষ্য করা যাচ্ছে যে দ্বি-চক্রযানের চালকরা যদিও হেলমেট ব্যবহার করছেন কিন্তু তা সঠিকভাবে মাথায় বেঁধে পরিধান করছেন না। যার ফলস্বরূপ যখনি দ্বি-চক্রযান চালক কোন দুর্ঘটনার সন্মুখীন হচ্ছেন, তখন মাথা থেকে হেলমেট ছিটকে যাচ্ছে এবং মাথায় গুরুত্বর আঘাত প্রাপ্ত হচ্ছে। চলতি সপ্তাহে দ্বি-চক্রযানের চালকরা সঠিকভাবে হেলমেট পরিধান না করার কারণে দুর্ঘটনাজনিত অনেক মৃত্যু হয়েছে।

সমস্ত দ্বি-চক্রযানের চালকদের অনুরোধ করা যাচ্ছে যে ওনারা যেন মাথায় সঠিকভাবে বেঁধে হেলমেট পরিধান করেন। দ্বি-চক্রযান চালকদের সঠিকভাবে হেলমেট পরিধান করা আইনত বাধ্যতামূলক। সঠিকভাবে হেলমেট পরিধান না করিলে, দ্বি-চক্রযান চালকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। দ্বি-চক্রযান চালকদের পরিবারের সদস্য এবং প্রিয়জনদের অনুরোধ করা হচ্ছে যে মূল্যবান জীবন রক্ষার্থে চালকদের সঠিকভাবে হেলমেট পরিধান করতে উৎসাহিত করুন।

ত্রিপুরা পুলিশ

আমাদের ভাবনা : আপনার সুরক্ষা ও নিরপত্তা

Press Release
DT.26-06-14

সঠিকভাবে হেলমেট (আই এস আই মার্কযুক্ত) ব্যবহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজ্যের যান-দুর্ঘটনাজনিত মৃত্যুর পর্যালোচনায় দেখা গেছে যে বেশীরভাগ দুর্ঘটনায় দ্বিচক্রযানের আরোহীদের মৃত্যু হয়েছে। গত সপ্তাহে দুজন আরোহী মাথায় হেলমেট পরিধান করেছিলেন বটে কিন্তু সঠিকভাবে বেঁধে পরিধান না করার কারণে দুর্ঘটনার সময় হেলমেট মাথা থেকে ছিটকে যায় এবং দুর্ঘটনাগ্রস্ত হয়ে মৃত্যু বরণ করেছেন। একইভাবে, চলতি সপ্তাহে একজন বাইক আরোহীর মৃত্যু ঘটে যখন তিনি তার হেলমেট দোকানে ফেলে আসেন এবং হেলমেট ছাড়াই বাইক চালাচ্ছিলেন। এই ধরনের দুর্ঘটনাজনিত মৃত্যু সহজেই এড়ানো যেত যদি বাইক আরোহীরা সঠিকভাবে হেলমেট (আই এস আই মার্কযুক্ত) পরিধান করতেন।

অতএব, মূল্যবান জীবন রক্ষার্থে কোন আরোহীকে হেলমেট ছাড়া দ্বি-চক্রযান চালাতে দেওয়া হবে না।

সঠিকভাবে হেলমেট পরিধান করুন এবং মূল্যবান জীবনকে রক্ষা করুন।

ত্রিপুরা পুলিশের মহিলা হেল্পলাইন ১০৯১ (টোল ফ্রি)
নম্বরে ফোন করুন।

ত্রিপুরা পুলিশ
আমাদের সংকল্প : আপনার সুরক্ষা ও নিরপত্তা